

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৭৮.২৫.১৫৪

বিষয়: আহশিয়ার টেক্সটাইল লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে আমদানি স্বত্ব হ্রাস পূর্বক ১ম এডহক শিল্প  
আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-৯৯৮, তারিখঃ ০৯/১০/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আহশিয়ার টেক্সটাইল লিমিটেড, অফিস ও কারখানা: শোভাপুর, রাজফুলবাড়িয়া সাভার ঢাকা ১০০% রপ্তানিমুখী “তৈরী পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প কারখানা। যা বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং- আরএমজি/ইএক্সপি/০০০৭৪৬-২০, তারিখঃ ১৫/০৯/২০২০ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৫৪০৬২৪ নিয়মিতকরণের জন্য আবেদন জানালে, কারখানাটি এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি এর আমদানি স্বত্ব হ্রাস করে ১ম এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী “তৈরী পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

শিল্প উপখাত	বিদ্যমান আমদানি স্বত্ব	সুপারিশকৃত বার্ষিক আমদানি স্বত্ব	মন্তব্য
“তৈরী পোশাক (নীট ও ওভেন)”	নির্ধারণ ব্যতিরেকে	১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকা মাত্র	আমদানি স্বত্ব হ্রাস করা হলো

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে আহশিয়ার টেক্সটাইল লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি এর বার্ষিক আমদানি স্বত্ব ১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকা নির্ধারণপূর্বক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী “তৈরী পোশাক (নীট ও ওভেন)” বিষয় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



১৯-১০-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৭৮.২৫.১৫৪/১ (৬)

তারিখ: ৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, আহশিয়ার টেক্সটাইল লিমিটেড, অফিস ও কারখানা: শোভাপুর, রাজফুলবাড়িয়া সাভার ঢাকা।
- ৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৫। অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৬। ., অফিস কপি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৯-১০-২০২৫

মোহাম্মদ মানিক খান  
সহকারী পরিচালক